

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১৮০.১১.১৬৩.১৬(অংশ-১)-১২২

তারিখ: ২৩ চৈত্র ১৪২৩ / ০৬ এপ্রিল ২০১৭

প্রজ্ঞাপন

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)-এর সাংগঠনিক কাঠামোভুক্ত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নবম গ্রেডের সহকারী পরিচালকের শূন্য পদে নবম গ্রেডের বেসামরিক কর্মচারীদের সরাসরি বিভাগীয় নিয়োগ বিষয়ক কমিটির সুপারিশক্রমে প্রচলিত সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২০০০-৫৩০৬০/- (নবম গ্রেড) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত ১(এক) জন-কে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	জ্যেষ্ঠতাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম এবং প্রার্থীর পিতা ও মাতার নাম	জেলা
১	১০	১৩২৮৫	আব্দুল্লাহ আল কাওছার পিতা: মোহাম্মদ শাহজাহান মাতা: ফজিলাতুন নেছা বেগম	ফেনী

শর্তসমূহ:

- (১) 'প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬'-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী উল্লিখিত নবম গ্রেডের কর্মচারী চাকরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর শিক্ষানবিস হিসাবে কর্মরত থাকবেন;
- (২) শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগ বিধিমালার ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;
- (৩) শিক্ষানবিসকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (Terminate) ঘটাতে পারবে;
- (৪) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারবে;
- (৫) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (৬) উল্লিখিত নবম গ্রেডের কর্মচারী যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে বাধ্য থাকবেন;

(৭) আগামী ২৩ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে অফিস সময়ে তাঁকে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকায় যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৮) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(৯) এ আদেশ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)-এর সাংগঠনিক কাঠামোভুক্ত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নবম গ্রেডের সহকারী পরিচালক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-

মোঃ আবু বকর ছিদ্দিক
যুগ্মসচিব
ফোন: ৯১৩৫৭২৩

নম্বর ২৩.০০.০০০০.১৮০.১১.১৬৩.১৬(অংশ-১)-১২২

তারিখ: ২৩ চৈত্র ১৪২৩ / ০৬ এপ্রিল ২০১৭


অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(এ প্রজ্ঞাপনটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

- ৭। এসএফসি (বিবিধ), এসএফসি (বিবিধ)-এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৮। এসএফসি (নৌ), এসএফসি (নৌ)-এর কার্যালয়, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা।
- ৯। এসএফসি (বিমান), এসএফসি (বিমান)-এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১১। জনাব আব্দুল্লাহ আল কাওছার, পিতা-জনাব মোহাম্মদ শাহজাহান, মাতা-ফজিলাতুন নেছা বেগম
গ্রাম-অলিপুর, পোঃ-খলিয়া বাজার, উপজেলা-ফেনী সদর, জেলা-ফেনী।

(বর্তমান ঠিকানা: জনাব আব্দুল্লাহ আল কাওছার, পিতা-জনাব মোহাম্মদ শাহজাহান, মাতা-ফজিলাতুন নেছা বেগম
২০৩ সাউদান হল, ঢাকা কলেজ, নিউমার্কেট, ধানমন্ডি, ঢাকা ১২০৫)


মোঃ আবু বকর ছিদ্দিক
যুগ্মসচিব
ফোন: ৯১৩৫৭২৩